



TRIPURA COMMISSION FOR WOMEN

Office: H. G. Basak Road, Melarmath, Agartala, Tripura (W), Pin: 799001
Telephone : 0381-232 2912 / Tele Fax : 0381-232 3355
e-mail: tripuracommissionforwomen@gmail.com

Ref. No. :

Date :

F.No.7(6)TCW/Press Release /2022/ 529-536

Dated : 04/05/2023.

প্রেস রিলিজ

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে গত ০৩/০৫/২০২৩ ইং উদয়পুর গোমতী জিলাপরিষদ কনফারেন্স হলে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ সম্পর্কে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় উপস্থিত ছিলেন কাকড়াবন বিধানসভা কেন্দ্রের মাননীয় বিধায়ক শ্রী জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলাপরিষদের সহ-সভাপতি মাননীয় শ্রী দেবল দেবরায়, উদয়পুর মিউনিসিপাল কাউন্সিলের চেয়ারপার্সন মাননীয় শ্রী শীতল দে। তাছাড়াও উপস্থিত ছিলেন গোমতী জিলাপরিষদের আরক্ষা দপ্তর ও সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগন, বিভিন্ন এনজিও এবং বিশিষ্ট সমাজসেবীগন।

মহিলা কমিশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী এবং মাননীয় সদস্যা শ্রীমতী ডালিয়া সিংহ। স্বাগত ভাষণের মধ্যদিয়ে সভার শুভ সূচনা করেন ত্রিপুরা মহিলা কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী। উনি উনার মূল্যবান বক্তব্যে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে সংঘটিত হওয়া নানাবিধ অপরাধের উৎস, প্রকৃতি ও সময়ের সাথে অপরাধের বদলে যাওয়া ধরনের উপর আলোকপাত করেন এবং এই সমস্যা থেকে উত্তরণের উপায় ও প্রতিকার সম্পর্কে আলোচনা করে প্রশাসন, সমাজসেবী সংগঠন, ক্লাব ও সর্বোপরি সমাজের সকল শুভমনোভাবাপন্ন জনসাধারনের সহযোগিতা কামনা করেন।

মাননীয় বিধায়ক শ্রী জিতেন্দ্র মজুমদার মহোদয় এই প্রসঙ্গে আলোচনা করতে গিয়ে বলেন গর্ভাবস্থা থেকেই কন্যারা অপরাধের শিকার হয়ে থাকেন। বয়সের সাথে সাথে তার প্রকৃতি ও তারতম্যতার রূপ বদলায়। তিনি জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল অংশের কন্যা ও মহিলাদের শিক্ষিত ও সাবলম্বী হওয়ার উপর গুরুত্ব দেন এবং এই বিষয়ে রাজ্য ও কেন্দ্র সরকারের সক্রিয় ও সদর্থক ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

গোমতী জিলাপরিষদের সহ-সভাপতি মাননীয় শ্রী দেবল দেবরায় মহিলা কমিশনের এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেন সমাজের সকল অংশের জনগনের সচেতনতার মাধ্যমেই এই সামাজিক ব্যাধি থেকে পরিত্রাণ লাভ করা সম্ভব।

উদয়পুর মিউনিসিপাল কাউন্সিলের চেয়ারপার্সন মাননীয় শ্রী শীতল দে উনার সংক্ষিপ্ত আলোচনায় জনপ্রতিনিধি ও সমাজসেবীদের জনগনের সাথে প্রত্যক্ষ ও নিবিড় যোগাযোগ গড়ে তোলার উপর গুরুত্ব আরোপ করেন এবং আরক্ষা দপ্তরের কাছে নির্ধারিত মহিলাদেরকে ন্যায় প্রদানের জন্য আরো অধিক সক্রিয় ও সংবেদনশীল হওয়ার আবেদন করেন।

আরক্ষা দপ্তরের আধিকারিকগন উনাদের প্রত্যক্ষ অভিজ্ঞতার কথা তুলে ধরেন এবং সমাজের সকল শুভবুদ্ধিসম্পন্ন জনগনকে মহিলাদের বিরুদ্ধে ঘটা অপরাধের বিরুদ্ধে প্রতিবাদী হবার জন্য আবেদন করেন এবং প্রয়োজনে আদালতে সাক্ষীদের আবেদন করেন।

সবশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে এবং এই সচেতনতা সভায় গৃহীত সিদ্ধান্ত সমাজের সর্বস্তরে পৌঁছে দেবার আবেদন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন কমিশনের সদস্যা শ্রীমতী ডালিয়া সিংহ মহোদয়া।

সদস্য-সচিব

ত্রিপুরা মহিলা কমিশন।